



ঢাকা বিশ্ববিদ্যালয়
বিজ্ঞপ্তি

মোঃ নুরুল ইসলাম স্মারক ট্রাস্ট ফান্ডের বৃত্তি, ২০১৬-২০১৭

আদিষ্ট হয়ে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মোঃ নুরুল ইসলাম স্মারক ট্রাস্ট ফান্ডের নীতিমালা অনুসারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চতুর্থ শ্রেণির কর্মচারীদের ছেলে/মেয়েদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে যে কোনো বিভাগে যে কোনো শ্রেণিতে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের এককালীন বৃত্তি মঞ্জুর করা হবে। এই বৃত্তি মঞ্জুরীর জন্য নম্বরপত্রের সত্যায়িত অনুলিপিসহ শিক্ষার্থীর নাম, বিষয়, শ্রেণি, রোল নম্বর, শিক্ষাবর্ষ, হলের নাম, পিতা/অভিভাবকের নাম, পদবী ও চাকুরীরত ঠিকানা দাখিল করতে হবে এবং বিভাগীয় চেয়ারম্যান/পরিচালক/প্রভোস্ট/অফিস প্রধানের মাধ্যমে সাদা কাগজে রেজিস্ট্রার বরাবরে লিখিত দরখাস্ত রেজিস্ট্রারের অফিসের শিক্ষা-৪ শাখায় (কক্ষ নং-২০৮/ক) জমা দিতে হবে।

বিঃ দ্রঃ দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখঃ ৩১/০৭/২০১৮ খ্রিস্টাব্দ

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা

৩১/০৭/২০১৮

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৪)
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং-রেজিঃ/শিক্ষা-৪/১৮/ ৬৬২২৬-১৫৫

তারিখ: ৩১/৬ /১৪২৫ বঙ্গাব্দ
২৫/৬/২০১৮ খ্রিস্টাব্দ